ভালো সাংবাদিকের বন্ধু থাকে না: গণপূর্তমন্ত্রী

গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম বলেছেন, শেখ হাসিনার যুগে সব গণমাধ্যম স্বাধীনভাবে তাদের মতামত প্রকাশ করতে পারে। সাংবাদিকরা এ সময়েই ভালো আছেন। তবে ভালো সাংবাদিকের বন্ধু থাকে না।

বৃহস্পতিবার বেলা ১১টায় পিরোজপুরের নাজিরপুরে সাংবাদিকতায় বুনিয়াদি প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, একটি মিথ্যা সংবাদ একজন মানুষের জন্য চরম ক্ষতির কারণ হতে পারে। তাই একটি সংবাদ পরিবেশনের আগে এর সঙ্গে জড়িতকে ভালো করে যাচাই-বাছাই করে নেয়া উচিত। একজন ভালো সাংবাদিকের বন্ধু থাকে না।

স্থানীয় সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, মফস্বলের সাংবাদিকতা অনেক কঠিন। আপনারা এ কঠিন কাজে জড়িত। সাংবাদিকতা মানুষের ভুলকে শুধরে আলোর পথ দেখায়। আমি স্থানীয় (পিরোজপুর-১) এমপি হিসাবে আপনাদের কাছে অনুরোধ করছি, আমার চলার পথে কোনো ভুল বা দুর্নীতি থাকলে তাও প্রকাশ করবেন। আর তা করলে আমি ওই সাংবাদিককে অভিনন্দিত করব।

নাজিরপুর উপজেলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র সম্মেলনকক্ষে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) মহাপরিচালক জাফর ওয়াজেদের সভাপতিত্বে তিন দিনব্যাপী অনুষ্ঠিত ওই প্রশিক্ষণে বক্তব্য রাখেন পিরোজপুর জেলা প্রশাসক আবু আলী মো. সাজ্জাদ হোসেন, জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মোল্লা মো. আজাদ, পিআইবি পরিচালনা বোর্ড ও যুগান্তরের বিশেষ সংবাদদাতা শেখ মামুনুর রশীদ প্রমুখ।

ওই প্রশিক্ষণে জেলার নাজিরপুর ও স্বরূপকাঠী উপজেলার ৩৬ জন বিভিন্ন জাতীয় ও স্থানীয় পত্রিকার সাংবাদিকরা অংশগ্রহণ করেন।

পরে মন্ত্রী পিরোজপুরে সার্কিট হাউসের সভাকক্ষে অনুষ্ঠিত প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) মহাপরিচালক জাফর ওয়াজেদের